গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
প্রশিক্ষণ শাখা
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd



স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০৩৫.২৫.০০০৯.২৬. ২৯৬

তারিখঃ ১২ ভাদ্র, ১৪৩৩ ব. / ২৭ আগস্ট, ২০২৬ খ্রি.

বিষয়ঃ ভূমিকম্পজনিত দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্বেচ্ছাসেবক প্রশিক্ষণের জন্য ToT কর্মসূচিতে মনোনীত কলেজ শিক্ষকদের প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমিকম্প বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি, ভূমিকম্প-পরবর্তী জরুরি সাড়া প্রদান এবং সরকারের সার্বিক দুর্যোগ প্রস্তুতি জোরদারের লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে জাতীয় পর্যায়ে একটি টাস্কফোর্স গঠন এবং ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার জন্য ১,০০,০০০ (এক লক্ষ) স্বেচ্ছাসেবক প্রস্তুত ও পর্যায়ক্রমে তাদের প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রায় ৭০,০০০ (সত্তর হাজার) প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক রয়েছে এবং অবশিষ্ট ৩০,০০০ (ত্রিশ হাজার) স্বেচ্ছাসেবক প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে একটি দক্ষ ও প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক বাহিনী গড়ে তোলার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।

০২। এরই ধারাবাহিকতায়, সরকারি তিতুমীর কলেজ/পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, সাভার/কেরাণীগঞ্জ, ঢাকা হতে প্রাপ্ত তালিকার প্রেক্ষিতে ঢাকা মহানগরের সন্নিকটে অবস্থিত উপজেলাসমূহের বিভিন্ন কলেজের নির্বাচিত শিক্ষকদের জন্য **Training of Trainers (ToT)** কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ পরবর্তীতে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে ১৮ (আঠারো) বছর বা তদূর্ধ্ব ছাত্র-ছাত্রীদের ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগ-পরবর্তী জরুরি সাড়া প্রদান ও উদ্ধার কার্যক্রমে স্বেচ্ছাসেবক হিসেবে প্রস্তুত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত কর্মসূচির আওতায় ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগ-পরবর্তী জরুরি সাড়া প্রদান, উদ্ধার, অনুসন্ধান ও মানবিক সহায়তা কার্যক্রমে স্বেচ্ছাসেবক হিসেবে প্রস্তুত করার লক্ষ্যে ঢাকা শহরের বিভিন্ন কলেজের নির্বাচিত শিক্ষকদের জন্য Training of Trainers (ToT) বিষয়ক ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি (১ম ও ২য় ব্যাচ) আগামী ০১ ও ০২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট' এর 'মাল্টিপারপাস হল' (১০ম তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সকাল ০৯:০০ টা থেকে বিকাল ১৬:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত আপনার অধীনস্ত মনোনীত শিক্ষকবৃন্দকে ToT প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানপূর্বক সময়মত প্রশিক্ষণে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণে মনোনীত কোন শিক্ষক যৌক্তিক কারণে পরিবর্তনের প্রয়োজন হলে, তাঁর পরিবর্তে বিকল্প শিক্ষককে মনোনয়ন প্রদানপূর্বক সময়মত প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিত করার অনুরোধ করা হলো।

০৫। উক্ত প্রশিক্ষণে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব আসাদুল হাবিব দুলু এমপি উপস্থিত থেকে প্রশিক্ষণের শুভ উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৬। প্রশিক্ষণটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার কর্মসূচির অন্তর্ভুক্ত। বিষয়টি গুরুত্ব বিবেচনায় আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

সংযুক্তি: মনোনয়পত্র (১ম ও ২য় ব্যাচ) ২ (দুই) ফর্দ।

27/08/2026

এস এম লতিফ
(যুগ্মসচিব)
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
ফোন : ৮৮০-২২২২২৮৯৬৩৭
ইমেইল: dtraining@ddm.gov.bd

প্রাপক,
**অধ্যক্ষ/প্রিন্সিপাল**
**সরকারি তিতুমীর কলেজ/কেরাণীগঞ্জ গার্লস স্কুল এন্ড কলেজ/নয়াবাজার ডিগ্রি কলেজ/কলাতিয়া ডিগ্রি কলেজ/শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, সাভার/রেডিও কলোনী মডেল স্কুল এন্ড কলেজ/আক্রান উচ্চ বিদ্যালয় ও কলেজ/আশুলিয়া স্কুল এন্ড কলেজ/মিরপুর মফিদ-ই-আম স্কুল এন্ড কলেজ/গাজিরচট এমএমইউ স্কুল এন্ড কলেজ/ভাকুর্তা ইউনিয়ন স্কুল এন্ড কলেজ/আমিন মডেল টাউন স্কুল এন্ড কলেজ/সাভার সরকারি কলেজ/সাভার মডেল কলেজ/সাভার ল্যাবরেটরি কলেজ/ঢাকা উইমেন কলেজ/উত্তরা হাই স্কুল এন্ড কলেজ/মিরপুর কলেজ/সলিমুল্লাহ কলেজ/ঢাকা মহানগর মহিলা কলেজ/ডক্টর মালিকা কলেজ/সরকারি বাংলা কলেজ/লালবাগ সরকারি মডেল স্কুল এন্ড কলেজ/সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ/আদমজী ক্যান্টনমেন্ট কলেজ/উত্তরা আনোয়ারা মডেল কলেজ/শহীদ জিয়া মহিলা কলেজ/হারুন মোল্লা ডিগ্রি কলেজ/ডেমরা কলেজ/ভাষানটেক সরকারি কলেজ/নৌবাহিনী কলেজ/ঢাকা কমার্স কলেজ/রেজাউল করিম চৌধুরী কলেজ/তেজগাঁও মহিলা কলেজ/টি এন্ড টি কলেজ/আবুজর গিফারী কলেজ/আজিমপুর সরকারি গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা।**

CamScanner

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১। জেলা প্রশাসক, ঢাকা;
০২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ);
০৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ);
০৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ);
০৫। উপপরিচালক (প্রশাসন-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম), ঢাকা (প্রশিক্ষণ ভেন্যুসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম), ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৭। জনাব,........................................................................................ (সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠান);
০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম), ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ);
০৯। দাপ্তরিক কপি।

27/08/2026

এস এম লতিফ
(যুগ্মসচিব)
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

CamScanner